**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৪২.১১.০০২১.২৫.২৫০১

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

**বিষয়: নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।**

স্থানীয় সরকার বিভাগের অধীন জেলা পরিষদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে ৯ম-১০ম গ্রেডের ০২টি ক্যাটাগরির ৯৩টি শূন্য পদের জনবল নিয়োগ বিজ্ঞপ্তিটি তার বহুল প্রচলিত পত্রিকায় (সকল সংস্করণ) আগামি ১৭ নভেম্বর ২০২৫ তারিখে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশের পর পত্রিকার ৫(পাঁচ) কপিসহ বিল দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: নিয়োগ বিজ্ঞপ্তি ৪(চার) ফর্দ।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

**বিতরণ:**

০১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আমারদেশ
ঢাকা ট্রেড সেন্টার (৮ম ফ্লোর)
৯৯, কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

০২। Advertising Manager
The Daily Observer
Aziz Bhaban (2nd Floor), 93, Motijheel C/A,
Dhaka-1000.

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৪২.১১.০০২১.২৫.২৫০১/১(০৭)

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. প্রশাসক, জেলা পরিষদ (সকল);
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল) **[স্ব স্ব জেলা পরিষদের ওয়েবসাইটে স্ক্রোল আকারে প্রকাশের অনুরোধসহ]**;
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **[স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে স্ক্রোল আকারে প্রকাশের অনুরোধসহ]**।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১১.০০২১.২৫.২৫০০

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের অধীন জেলা পরিষদসমূহের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতা এবং বর্ণিত শর্তাদি পূরণ-সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://lgd.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদনাম, বেতনস্কেল ও গ্রেড (বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (নিয়োগবিধি অনুযায়ী) |
|---|---|---|---|
| ০১ | সহকারী প্রকৌশলী<br>বেতনস্কেল: টাকা ২২০০০-৫৩০৬০<br>গ্রেড: ৯ | ৪৪টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল বা পানিসম্পদ কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ০২ | উপসহকারী প্রকৌশলী<br>বেতনস্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০<br>গ্রেড: ১০ | ৪৯টি | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বা সিভিল উড বা কনস্ট্রাকশন বা এনভায়রনমেন্ট বিষয়ে অন্যূন ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমা। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদনকারীর বয়স ১৯ নভেম্বর ২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। এসএসসি/সমমান সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ (সর্বশেষ ২০২৪ সালে সংশোধিত) অনুযায়ী নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধিবিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

জেলা পরিষদ আইন, ২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০, জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল ও আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এবং এ সংক্রান্ত প্রযোজ্য বিধিবিধান অনুযায়ী বিজ্ঞাপিত পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ বেতন-ভাতাদিসহ পদের সাথে সম্পৃক্ত আর্থিক সুবিধা পদায়িত (বা সময়ে সময়ে বদলিকৃত) জেলা পরিষদ হতে প্রাপ্ত হবেন।

৩। চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) প্রার্থীর অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার কোনো সুযোগ থাকবে না। আবেদনের শেষ তারিখের মধ্যেই আবেদনের সকল যোগ্যতা অর্জন করতে হবে।

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। এক্ষেত্রে প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে।

৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বাছাই (MCQ) (প্রযোজ্য ক্ষেত্রে), লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬। চাকরির জন্য আবেদন আগামি ১৯ নভেম্বর ২০২৫ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত অনলাইনে (http://lgd.teletalk.com.bd) দাখিল করা যাবে। আবেদন সম্পন্নের পরে আবেদন সংশোধনের কোনো সুযোগ থাকবে না। সরাসরি/ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক নিম্নোক্ত কাগজপত্রের ০১ (এক) সেট দাখিল করতে হবে:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy);

খ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের কপি;

গ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি;

ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

চ) সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে প্রাপ্ত নাগরিকত্ব সনদপত্র;

ছ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

জ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঝ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি;

ঞ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত প্রমাণক উপস্থাপন করতে হবে;

৮। উল্লিখিত পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

৯। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে প্রমাণ সাপেক্ষে নিয়োগের পূর্বে বা পরে যেকোন সময় আবেদন/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। যেকোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১২। কোনো প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে (www.lgd.gov.bd) এবং http://lgd.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। MCQ (প্রযোজ্য ক্ষেত্রে)/লিখিত/মৌখিক পরীক্ষার সময়সূচি এবং ফলাফল এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.lgd.gov.bd) প্রকাশ করা হবে এবং MCQ (প্রযোজ্য ক্ষেত্রে)/লিখিত/মৌখিক পরীক্ষার সময়সূচি প্রার্থীর আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমেও জানানো হবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৫। আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কোনো ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে কোনো পর্ব বা অনুচ্ছেদ সংযোজন/বিয়োজন/সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/প্রতিস্থাপন বা বিজ্ঞপ্তি বাতিল বা স্থগিত করার অধিকার সংরক্ষণ করেন।

১৭ পরীক্ষার ফি পরিশোধ: আবেদন সম্পন্নের পরে Teletalk pre-paid mobile থেকে SMS করে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর গত ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ নং প্রজ্ঞাপনমূলে নিম্নোক্ত হারে পরীক্ষার ফি জমা দিতে হবে:

| পদনাম (গ্রেড) | পরীক্ষার ফি'র হার (টাকা) |
|---|---|
| সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড) | ২০০/- (দুইশত) |
| উপসহকারী প্রকৌশলী (১০ম গ্রেড) | ২০০/- (দুইশত) |
| সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) | ৫০/- (পঞ্চাশ) |

**(অ) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি পরিশোধ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://lgd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৯ নভেম্বর ২০২৫ তারিখ সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

পৃষ্ঠা-২ হতে ৪

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download-পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রতিটি পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা/ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ টাকা) টাকা/ ৬/-(ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা/ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না'।

**প্রথম** SMS LGD <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example LGD ABCDEF & Send to 16222.

Reply: Applicant's Name. Tk. 223/56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LGD <space> Yes <space> PIN and send to 16222

**দ্বিতীয়** SMS LGD <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example LGD YES 12345678

Reply: Congratulations: Applicant's Name, payment completed successfully for LGD Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://lgd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download-পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: LGD <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: LGD Help User ABCDEF

ii) PIN Number জানা থাকলে: LGD <space> Help <space> PIN <space> PIN Number & Send to 16222
Example: LGD Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইট www.lgd.gov.bd-এ (বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য) দেখা যাবে। টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.lgd.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা মন্ত্রণালয়ের ইমেইলে (lgzp@lgd.gov.bd) যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল-এর ফেসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk-এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ-এর Subject-এ Organization Name: LGD, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। উপর্যুক্ত শর্তে সম্মত হলে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিগণ আবেদন করতে পারেন।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
জেলা পরিষদ শাখা
স্থানীয় সরকার বিভাগ
ও
সদস্য সচিব
জেলা পরিষদের সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড) এবং
উপসহকারী প্রকৌশলী (১০ম গ্রেড) নিয়োগ সংক্রান্ত
বাছাই কমিটি।